# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2023

## BNGACOR08T-BENGALI (CC8)

## বাংলা কাব্য ও কবিতা

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) 'মেঘনাদবধ' কাব্যের নায়ক কে ? এ বিষয়ে তোমার সুচিন্তিত মতামত ব্যক্ত করো। ১+৯

**অথবা**

(খ) 'মেঘনাদবধ' কাব্যের প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

**একক-২**

(গ) রবীন্দ্রনাথের 'মানসী' কাব্যের 'মেঘদূত' কবিতাটি কালিদাসের 'মেঘদূত' কাব্যের নবভাষ্য। — আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) 'ভারততীর্থ' কবিতায় রবীন্দ্রনাথের দেশভাবনার যে অভিব্যক্তি প্রকাশিত হয়েছে তা' বিশ্লেষণ করো। ১০

**একক-৩**

(ঙ) 'আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে' — কোন্ কবিতার অংশ ? কবির ফিরে আসার আকাঙ্ক্ষা এই কবিতায় কীভাবে কাব্যরূপ লাভ করেছে তার পরিচয় দাও। ১+৯

**অথবা**

(চ) 'এই পথে আলো জ্বেলে এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে.....' — গভীর আশাবাদ এবং জন্মান্তরবাদ কীভাবে অন্তহীন অন্বেষণের পথে ক্রমমুক্তি ঘটাবে, 'সুচেতনা' কবিতাটি অবলম্বনে ব্যাখ্যা করো। ১০

**একক-৪**

(ছ) 'যযাতি' কবিতায় পুরাণ প্রসঙ্গকে কবি সুধীন্দ্রনাথ দত্ত কীভাবে আধুনিক যুগের তাৎপর্যে অন্বিত করে তুলেছেন তা' বুঝিয়ে দাও। ১০

**অথবা**

(জ) 'যেতে পারি কিন্তু কেন যাব ?' কবিতাটির মূলভাব বিশ্লেষণ করে কবিতাটিতে বিষণ্ণ আবহের উর্ধ্বে যে আশাবাদ ধ্বনিত হয়েছে তার পরিচয় দাও। ১০

২। যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে ? ১+১+১+২
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে ?’

— বক্তা কে ? কাকে ‘তাত’ বলে সম্বোধন করা হয়েছে ? ‘তস্কর’ শব্দের অর্থ কী ? উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করো।

(খ) ‘‘হে উদাসীন পৃথিবী, ১+৪
আমাকে সম্পূর্ণ ভোলবার আগে
তোমার নির্মল পদপ্রান্তে,
আজ রেখে যাই আমার প্রণতি।’’

— কোন্ কবিতার অংশ ? পংক্তিগুলির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) ‘সোনার সিঁড়ির মতো ধানে আর ধানে ১+৪
তোমারে খুঁজেছি আমি নির্জন পেঁচার মতো প্রাণে।’

— কোন্ কবিতার অংশ ? উদ্ধৃতিটির মর্মার্থ ব্যাখ্যা করো।

(ঘ) ‘আমার জন্মের মধ্যে রয়ে গেছে তরুর ইশারা’ — কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ? কবি কে ? উদ্ধৃতিটির অন্তর্নিহিত তাৎপর্য নির্ণয় করো। ১+১+৩

——×——